# ত্রি কো ণ

না বলে-
রোদ্দুর কোথায় গেছে চলে,
তাই আকাশের আজ মুখ ভার !!!

মিষ্টি হেসে-
বৃষ্টি এল ভেজাতে আকাশ,
চেয়ে দেখো আমি কতো সুন্দর !!!

মন ভিজলনা-
মৌন আকাশ দিলনা সাড়া,
মনে তার শুধু শুধুই রোদ্দুর !!!

আর নয়-
লাজুক হেসে চোখ নামাতেই,
মেঘ সরে যেতে এল রোদ্দুর !!!

আকাশ সরল-
পাগল আকাশ আনন্দে আত্মহারা,
আমার রোদ্দুর আমার রোদ্দুর আমার !!!

# # # # #

**উত্তরায়ণ দেব**
জুন, ২০০৫/কলকাতা